অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/6/2026 **গভর্নর ক্যাথি হোকল**

আহত কর্মীদের বিনামূল্যে কমিউনিটি কলেজ অ্যাক্সেস করতে সহায়তা করার জন্য গভর্নর হোকল ওয়ার্কার্স' কম্পেনসেশন বোর্ড, SUNY এবং CUNY এর মধ্যে নতুন সহযোগিতার বিষয়টি তুলে ধরেছেন

গভর্নর হোকল এর SUNY/CUNY Reconnect উদ্যোগ এবং আহত নিউ ইয়র্কবাসীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতিতে সক্ষম করে তুলতে, সফল কর্মীবল উন্নয়ন কর্মসূচির উপর ভিত্তি করে গঠিত

নিউ ইয়র্কবাসীদের ভালোর জন্য স্টেট প্রশাসন যে একযোগে কাজ করছে, এই সহযোগিতাটি তার ওপর জনসাধারণের মনোযোগ, সচেতনতা বা দৃষ্টি আকর্ষণ করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কার্স' কম্পেনসেশন বোর্ড (Workers' Compensation Board) এবং SUNY ও CUNY-এর মধ্যে একটি নতুন সহযোগিতার কথা ঘোষণা করেছেন। এই সহযোগিতার লক্ষ্য হলো SUNY এবং CUNY Reconnect প্রোগ্রামের মাধ্যমে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে কমিউনিটি কলেজ শিক্ষার সুযোগ দিয়ে আহত নিউ ইয়র্কবাসীদের সহায়তা করা। গভর্নর Hochul-এর (হোকল) SUNY এবং CUNY Reconnect উদ্যোগের অধীনে, নিউ ইয়র্ক স্টেট ইতিমধ্যেই একটি কলেজ ডিগ্রি নেই এবং একটি বেশি চাহিদাসম্পন্ন ক্ষেত্রে একটি অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জন করতে চাওয়া 25-55 বছরের প্রাপ্তবয়স্কদের জন্য বিনামূল্যে টিউশন, ফিস, বই এবং আনুষঙ্গিক সামগ্রী প্রদান করছে। নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কার্স' কম্পেনসেশন বোর্ড সম্প্রতি 5,000টিরও বেশি পত্র পাঠিয়ে এবং সচেতনতা বাড়ানোর জন্য একটি নতুন ওয়েবপৃষ্ঠা, wcb.ny.gov/reconnect চালু করে, আহত কর্মীদের আবেদন করতে উৎসাহিত করছে।

"SUNY এবং CUNY Reconnect হলো জীবন পরিবর্তনকারী দুটি কর্মসূচি, যা ইতিমধ্যেই সহস্রাধিক নিউ ইয়র্কবাসীকে উচ্চ চাহিদাসম্পন্ন ক্ষেত্রে ডিগ্রি অর্জনের নতুন সুযোগ গ্রহণ করতে সহায়তা করেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা যখন এই প্রোগ্রামগুলো সম্প্রসারণ এবং নতুন ডিগ্রির সুযোগ অন্তর্ভুক্ত করার জন্য কাজ করছি, তখন আমি এটাও নিশ্চিত করতে চাই যে প্রত্যেক যোগ্য নিউ ইয়র্কবাসী যেন ডিগ্রি অর্জন, একটি ভালো চাকরি পাওয়া এবং নিউ ইয়র্ককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাদের কাছে থাকা সুযোগগুলো সম্পর্কে অবগত থাকেন।"

নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কার্স' কম্পেনসেশন বোর্ড, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (City University of New York, CUNY) সাথে একটি নতুন অংশীদারিত্ব চালু করেছে, যার লক্ষ্য হলো SUNY এবং

CUNY Reconnect প্রোগ্রামগুলোকে উৎসাহিত করা এবং অভাবী নিউ ইয়র্কবাসীদের সহায়তা করা। কাজের কারণে আঘাত পাওয়া বা অসুস্থ হয়ে পড়ার পর আহত কর্মীদের নতুন দক্ষতা শিখতে এবং নতুন কর্মজীবন খুঁজে পেতে সহায়তা করার জন্য, SUNY এবং CUNY Reconnect প্রোগ্রামগুলো কর্মজীবনে ফিরে আসার জন্য তাদের একটি আশার আলো দেখায়। ওয়ার্কার্স' কম্পেনসেশন বোর্ডের ভোকেশনাল রিহ্যাবিলিটেশন কাউন্সেলররা (Vocational Rehabilitation Counselors), যারা কর্মক্ষেত্রে ফিরতে ইচ্ছুক আহত কর্মীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেন, তারা যোগ্য আহত কর্মীদের শনাক্ত করতে এবং তাদের বিনামূল্যে কলেজ প্রোগ্রামগুলোর সাথে যুক্ত করতে সহায়তা করবেন।

NYS ওয়ার্কার্স' কম্পেনসেশন বোর্ডের সভাপতি Freida D. Foster (ফ্রিডা ডি. ফোস্টার) বলেছেন, "আঘাত পাওয়া বা অসুস্থ হয়ে পড়ার কারণে যখন কোনো কর্মী তার আগের চাকরিতে ফিরতে পারেন না, তখন তা অত্যন্ত হতাশাজনক হতে পারে। SUNY এবং CUNY Reconnect প্রোগ্রামের মাধ্যমে বিনামূল্যে কলেজ শিক্ষা এই আহত কর্মীদের শুধু আশাই নয়, বরং একটি উন্নত ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার জন্য প্রকৃত দক্ষতা ও ডিগ্রিও প্রদান করতে পারে।"

SUNY চ্যান্সেলর John B. King Jr. (জন বি. কিং জুনিয়র) বলেছেন, "গভর্নর Hochul (হোকল) এর অধীনে নিউ ইয়র্কবাসীরা, একটি অভিনব ও সাশ্রয়ী শিক্ষা লাভের, উচ্চ চাহিদাসম্পন্ন ক্ষেত্রে ডিগ্রি অর্জনের এবং স্টেটের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়তা করার পাশাপাশি সামাজিক ও অর্থনৈতিকভাবে উন্নতি করার ক্ষেত্রে আগের চেয়ে অনেক বেশি সুযোগ পাচ্ছেন। গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের বাসিন্দা এবং আমাদের সমগ্র স্টেটের উপকারের জন্য তার ক্ষমতায় থাকা বিভিন্ন উপায়গুলো কীভাবে ব্যবহার করছেন, ওয়ার্কার্স' কম্পেনসেশন বোর্ডের সাথে এই অংশীদারিত্বটি তার একটি অভাবনীয় উদাহরণ।"

SUNY বোর্ড অফ ট্রাস্টিজ (Board of Trustees) বলেছে, "আহত নিউ ইয়র্কবাসীদের জন্য আরোগ্য লাভের প্রচেষ্টার অংশ হিসেবে কর্মজীবনে প্রবেশের নতুন সুযোগ খুঁজে পাওয়ায় সহায়তা করার জন্য SUNY Reconnect প্রোগ্রামটি প্রচার করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) কে সাধুবাদ জানাই।" গভর্নর Hochul (হোকল) এবং স্টেটের নেতাদের জোরালো সমর্থনের মাধ্যমে, SUNY Reconnect সহস্রাধিক নিউ ইয়র্কবাসীকে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী হিসেবে ডিগ্রি অর্জনে অনুপ্রাণিত করতে সহায়তা করেছে এবং আমরা স্টেট জুড়ে কমিউনিটি কলেজগুলোতে সুযোগ প্রদান অব্যাহত রাখব।"

CUNY চ্যান্সেলর Félix V. Matos Rodríguez (ফেলিক্স ভি. মাতোস রদ্রিগেজ) বলেছেন, "এই অংশীদারিত্বটি নিউ ইয়র্কবাসীদের জীবনের বর্তমান পরিস্থিতিতে তাদের পাশে দাঁড়ানো এবং অর্থনৈতিক সচ্ছলতা ও একটি উন্নত ভবিষ্যতের শক্তিশালী পথ হিসেবে উচ্চশিক্ষার সুযোগ প্রসারিত করার ক্ষেত্রে আমাদের অভিন্ন মনোযোগকে প্রতিফলিত করে।" আমরা আনন্দিত যে CUNY Reconnect আহত কর্মীদের দক্ষতা অর্জন করতে, ডিগ্রি লাভ করতে এবং বর্ধিত আত্মবিশ্বাস ও উদ্দেশ্য নিয়ে কর্মজীবনে ফিরে আসতে সুযোগ করে দিচ্ছে। আরও বেশি নিউ ইয়র্কবাসীর কাছে উচ্চশিক্ষার সুযোগ প্রসারিত করতে সহায়তা করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ জানাই।"

গভর্নর Hochul (হোকল) এর 2025 স্টেট অফ দ্য স্টেট ভাষণ (State of the State) এর অংশ হিসেবে, SUNY এবং CUNY Reconnect, 25 থেকে 55 বছর বয়সী শিক্ষার্থী যারা সহযোগী ডিগ্রি অর্জন করতে চাইছেন তাদের জন্য উন্নত উৎপাদন পদ্ধতি, কৃত্রিম বুদ্ধিমত্তা, সাইবার নিরাপত্তা, প্রকৌশল, প্রযুক্তি, নার্সিং ও সংশ্লিষ্ট স্বাস্থ্য ক্ষেত্র, পরিবেশবান্ধব ও নবায়নযোগ্য শক্তি এবং শিক্ষণের ক্ষেত্রে ঘাটতি থাকা ক্ষেত্রগুলিতে শিক্ষা দেওয়ার উপায় সহ নির্দিষ্ট কিছু উচ্চ-চাহিদার ক্ষেত্রে বিনামূল্যে টিউশন ফি, অন্যান্য ফি, বই এবং প্রয়োজনীয় সামগ্রী প্রদান করে। গভর্নর তার 2026 স্টেট অফ দ্য স্টেট ভাষণ এর অংশ হিসেবে সফল SUNY এবং CUNY Reconnect প্রোগ্রামগুলো সম্প্রসারণের পরিকল্পনার কথা ঘোষণা করেছেন।

2027 অর্থবছরের বাজেট এর অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) লজিস্টিকস, বিমান ট্র্যাফিক নিয়ন্ত্রণ ও পরিবহন এবং জরুরি ব্যবস্থাপনার মতো পেশার জন্য প্রস্তুতি নিচ্ছেন এমন যোগ্য প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের সংখ্যা বাড়ানোর জন্য 12.5 মিলিয়ন ডলার বিনিয়োগের প্রস্তাব করছেন। এছাড়াও, যেসব প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর পূর্বেই একটি ডিগ্রি রয়েছে, তাদের জন্য নার্সিং পড়ার উদ্দেশ্যে কলেজে ফিরে আসা সহজ করারও প্রস্তাব করা হয়েছে। এটি এই স্কলারশীপ প্রোগ্রাম প্রতিষ্ঠার জন্য 2026 অর্থবছরে গভর্নরের প্রারম্ভিক 47 মিলিয়ন ডলারের বিনিয়োগকে আরও শক্তিশালী করবে।

ওয়ার্কার্স কম্পেনসেশন বোর্ডের ভোকেশনাল রিহ্যাবিলিটেশন টিম (The Workers' Compensation Board's Vocational Rehabilitation team) আহত কর্মীদের জন্য বিভিন্ন ধরনের সহায়তা পরিষেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে জীবনবৃত্তান্ত (রিজ্যুমে) তৈরি, চাকরি খোঁজার সহায়তা, হালকা বা বিকল্প কাজের দায়িত্বের বিষয়ে নিয়োগকর্তাদের সাথে যোগাযোগ স্থাপন এবং আরও অনেক কিছু। বোর্ডের কর্মীবাহিনীতে লাইসেন্সপ্রাপ্ত ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কাররাও রয়েছেন, যারা কর্মসংক্রান্ত আঘাত বা অসুস্থতার সাথে আসা অসুবিধাগুলো মোকাবিলায় আহত কর্মীদের সহায়তা করেন। আহত কর্মীদের জন্য সমস্ত পরিষেবা বিনামূল্যে প্রদান করা হয়। বোর্ডের সহায়তা পরিষেবা সম্পর্কে আরও জানতে wcb.ny.gov/content/main/Workers/lp_services.jsp দেখুন।
গভর্নরের 2026 স্টেট অফ দ্য স্টেট ভাষণে চিকিৎসা পরিষেবা প্রাপ্তি সহজ করার মাধ্যমে আহত কর্মীদের আরও সহায়তা করার একটি প্রস্তাবও অন্তর্ভুক্ত রয়েছে। আহত কর্মীদের চিকিৎসার জন্য বোর্ডের বিশেষ অনুমোদনের আবশ্যিকতার পরিবর্তে, গভর্নর এমন একটি আইনের প্রস্তাব করছেন যা সকল যোগ্য ও সুনামের অধিকারী লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসা প্রদানকারীকে আহত কর্মীদের চিকিৎসা করার সুযোগ দেবে।

স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সম্পর্কে
SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো সিস্টেমে, SUNY-এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, দেশের সবথেকে পুরোনো মেরিটাইম স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ, 12টি এডুকেশনাল অপরচুনিটি সেন্টার (Educational Opportunity Centers), 30টির বেশি ATTAIN ডিজিটাল লিটারেসি ল্যাব আছে, এবং এটি US ডিপার্টমেন্ট অব এনার্জির (Department of Energy) একটি ন্যাশনাল ল্যাবরেটরির (National Laboratory) ব্যবস্থাপনা করে। সামগ্রিকভাবে, SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স এবং প্রোগ্রাম, ধারাবাহিক শিক্ষা, এবং কমিউনিটির আউটরিচ প্রোগ্রামের পোর্টফোলিওতে

প্রায় 1.7 মিলিয়ন শিক্ষার্থীর জন্য কাজ করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। ফিসক্যাল ইয়ার 2025-এ পুরো সিস্টেমে রিসার্চের জন্য প্রায় 1.5 বিলিয়ন মার্কিন ডলার খরচ হয়েছে, যার মধ্যে স্টুডেন্ট এবং ফ্যাকাল্টির উল্লেখজনক অবদান আছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, suny.edu ভিজিট করুন।

দ্যা সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক সম্পর্কে

দ্যা সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক হলো দেশের বৃহত্তম শহুরে সরকারি ইউনিভার্সিটি, এটি সামাজিক গতিশীলতার একটি রূপান্তরকারী ইঞ্জিন যা নিউ ইয়র্ক সিটির প্রাণশক্তির একটি গুরুত্বপূর্ণ উপাদান। 1847 সালে দেশের প্রথম উচ্চশিক্ষার বিনামূল্যের সরকারি সংস্থা হিসেবে CUNY প্রতিষ্ঠিত, CUNY-এর আজ বর্তমানে নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোতে সাতটি কমিউনিটি কলেজ, 11টি সিনিয়র কলেজ এবং আটটি অনার্স গ্র্যাজুয়েট এবং প্রোফেশনাল ইনস্টিটিউশন আছে, যা প্রায় 247,000জন আন্ডারগ্র্যাজুয়েট এবং গ্র্যাজুয়েট শিক্ষার্থীদের সেবা প্রদান করে এবং প্রতি বছর তারা 50,000 ডিগ্রি দেয়। CUNY এর মান ও সাশ্রয়যোগ্যতার সমন্বয় সবগুলি আইভি লীগ (Ivy League) কলেজের সম্মিলিত সংখ্যার তুলনায় প্রায় ছয়গুণ বেশি নিম্ন আয়ের শিক্ষার্থীদেরকে মধ্যবিত্ত শ্রেণীতে উন্নীত করে। ইউনিভার্সিটির 80 শতাংশের বেশি গ্র্যাজুয়েট নিউ ইয়র্কে বাস করে, তারা সিটির অর্থনৈতিক, নাগরিক এবং সাংস্কৃতিক জীবনের সকল খাতে অবদান রাখে এবং প্রতিটি ক্ষেত্রে সিটির কর্মীবাহিনীতে বৈচিত্র্য নিয়ে আসে। CUNY-এর গ্র্যাজুয়েট এবং ফ্যাকাল্টি অনেক নামীদামী সম্মান পেয়েছে, যার মধ্যে 13টি নোবেল প্রাইজ (Nobel Prize) এবং 26টি ম্যাকার্থার "জিনিয়াস" গ্র্যান্ট (MacArthur “genius” grant) আছে। বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক মিশন এখনো একই: সামর্থ্য বা পারিপার্শ্বিক অবস্থা নির্বিশেষে সকল শিক্ষার্থীর জন্য প্রথম শ্রেণীর সরকারি শিক্ষা প্রদান করা। CUNY সম্পর্কে আরো জানতে, ভিজিট করুন https://www.cuny.edu।

NYS ওয়ার্কার্স' কম্পেনসেশন বোর্ড সম্পর্কে

শ্রমিকদের ক্ষতিপূরণ হলো এক ধরনের বীমা, যা কর্মক্ষেত্রে আঘাত বা অসুস্থতার কারণে না পাওয়া মজুরির ক্ষতিপূরণ করে এবং/অথবা চিকিৎসার সুবিধা প্রদান করে। নাগরিকত্ব বা অভিবাসন স্থিতি নির্বিশেষে নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক যোগ্য কর্মী এই সুবিধাগুলো পাবেন। ওয়ার্কার্স কম্পেনসেশন বোর্ড, নিউ ইয়র্ক স্টেটে, শ্রমিক ক্ষতিপূরণ, প্রতিবন্ধী ভাতা এবং সবেতন পারিবারিক ছুটি (Paid Family Leave) সংক্রান্ত নিয়ন্ত্রণ তদারকি করে । এর লক্ষ্য হল, সুবিধার যথাযথ বিতরণ নিশ্চিত করে এবং আইনের প্রতি অনুবর্তিতা প্রচার করে, কর্মকর্তা ও নিয়োগকারীদের অধিকার রক্ষা করা। www.wcb.ny.gov এ আরো জানুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন